

১০ দিনের ছুটি পাচ্ছেন রাবি শিক্ষার্থীরা

রাবি প্রতিনিধি

২৫ ডিসেম্বর ২০২৩, ০৪:০০ পিএম



শীতকালীন ছুটির সঙ্গে সাপ্তাহিক ও নির্বাচনকালীন ছুটি মিলিয়ে মোট ১০ দিন বন্ধ থাকবে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম। আজ সোমবার এ তথ্য নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর প্রশাসক অধ্যাপক প্রদীপ কুমার পাণ্ডে।

আগামী ৩১ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত পাঁচ দিন শীতকালীন ছুটি, এর আগে ও পরে চার দিন সাপ্তাহিক ছুটি এবং নির্বাচনের কারণে এক দিন বন্ধ থাকবে বিশ্ববিদ্যালয়। ছুটিতে আবাসিক হল যথারীতি খোলা থাকবে।

জনসংযোগ দপ্তর প্রশাসক বলেন, ৩১ ডিসেম্বর থেকে ৪ জানুয়ারি পর্যন্ত শীতকালীন ছুটিতে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম বন্ধ থাকবে। শীতকালীন ছুটির পরে সাপ্তাহিক দুই দিন ছুটি এবং জাতীয় নির্বাচন উপলক্ষে ৭ জানুয়ারি সাধারণ ছুটি থাকবে। ৮ জানুয়ারি থেকে বিশ্ববিদ্যালয়ের অ্যাকাডেমিক কার্যক্রম চলবে। ছুটি শেষে সার্বিক কার্যক্রম যথারীতি চলমান থাকবে।

বিশ্ববিদ্যালয়ের হল প্রাধ্যক্ষ পরিষদের আহ্বায়ক অধ্যাপক জাহাঙ্গীর হোসেন বলেন, শীতকালীন ছুটিতে আবাসিক হলগুলো যথারীতি খোলা রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়

পাবলিক বিশ্ববিদ্যালয়

ছুটি